গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
চাঁদপুর।
www.dae.chandpur.gov.bd

# নোটিশ

স্মারক নং-১১৫০ তারিখ ঃ ২৩/০৮/২৩

আগস্ট /২০২৩ মাসের **"জেলা সার ও বীজ মনিটরিং কমিটির"** সভা আগামী ২৭/০৮/২০২৩ তারিখ রোজ রবিবার বিকাল ৩.৩০ ঘটিকায় জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের সভাপতিত্বে জেলা প্রশাসক, চাঁদপুর এর হলরুমে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিস্ট সম্মানিত সকল সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

আলোচ্য সূচী ঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। সারের বরাদ্দ, প্রাপ্তি ও বিতরণ পরিস্থিতি।

৩। বীজ প্রাপ্তি ও বিতরণ পরিস্থিতি।

৪। বিবিধ

২৩।০৮।২৩

(ড. সাফায়েত আহম্মদ সিদ্দিকী)
উপ পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
চাঁদপুর।

স্মারক নং ১২.১৭.১৩০০.০৪১.৪০.০০৮.২২-১১৫০(৪৫) তারিখ ঃ ২৩/০৮/২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১) জনাব ..............................................................................................................

২) জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের গোপনীয় সহকারী। বিষয়টি জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২৩।০৮।২৩

(ড. সাফায়েত আহম্মদ সিদ্দিকী)
উপ পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
চাঁদপুর।
মোবাইল-০১৮১৯-৮৩৭৮৪২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
চাঁদপুর

## জেলা সার ও বীজ মনিটরিং কমিটির কমিটির ২৩/০৭/২০২৩ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব কামরুল হাসান, জেলা প্রশাসক, চাঁদপুর।

সভার স্থান ঃ সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।

সভার তারিখ ঃ ২৩/০৭/২০২৩ খ্রিঃ

সময় ঃ বিকাল ৩.৩০ ঘটিকা

উপস্থিতি ঃ উপস্থিতির তালিকা সংরক্ষিত

সভাপতি মহোদয় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন ঃ** উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী সুদৃঢ় করা হল। | --- |
| ২ | **সারের বরাদ্দ, প্রাপ্তি ও বিতরণ পরিস্থিতি ঃ** মোঃ মাসুদ হোসেন, অতিরিক্ত উপপরিচালক ( শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর জানান যে, জুলাই /২৩ মাসে ৯৭৬ মেঃ টন ইউরিয়া, ২৪৯ মেঃ টন টিএসপি, ২৫৭ মেঃ টন এমওপি, ৬৯৬ মেঃ টন, ডিএপি সারের বরাদ্দ কৃষি মন্ত্রণালয় থেকে পাওয়া যায়। ইতোমধ্যে উপজেলাওয়ারী ডিলারদের মধ্যে উপ-বরাদ্দ প্রদান প্রদান করা হয়েছে। বর্তমানে জেলায় এ পর্যন্ত ৫৬১ মেঃ টন ইউরিয়া, ২০৫ মেঃ টন টিএসপি, ৯১ মেঃ টন এমওপি, ১৩৬ মেঃ টন ডিএপি সার মজুদ আছে।<br>সকল প্রকার বরাদ্দকৃত রাসায়নিক সার যথাসময়ে উত্তোলন করে মজুদ আরো বৃদ্ধি করতে হবে। বাজার মূল্য স্বাভাবিক আছে। উপপরিচালক আরোও জানান যে, চলতি মাসে সার পরিদর্শকগণ মোট ১০৫ টি সারের গুদাম পরিদর্শন করেছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। | ১। জুলাই/২৩ মাসের ইউরিয়া সারের টাকা ২০ জুন/ ২৩ তারিখের মধ্যে জমা প্রদান এবং নির্ধারিত সময়ের মধ্যে সার উত্তোলন করতে হবে।<br>২। টিএসপি, এমওপি, ডিএপিসহ সকল প্রকার নন-ইউরিয়া (মাসিক বরাদ্দকৃত) সার সংশ্লিষ্ট মাসের মধ্যে উত্তোলন এবং সারের মজুদ বৃদ্ধি নিশ্চিত করতে হবে।<br>৩। গেইট পাশ সহ সারের আগমনি বার্তা যথা সময়ে দাখিল এবং বরাদ্দ বর্হিভূত সার উত্তোলন করা হলে সেক্ষেত্রে ও আগমনী বার্তা দাখিল করতে হবে।<br>৪। উপজেলা কৃষি অফিসারসহ সার পরিদর্শকগণ সার, বীজ ও কীটনাশক দোকান নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। ওয়ার্কিং পেপারে মোবাইল কোর্ট পরিচালনার তথ্য দিতে হবে। সরকার কর্তৃক ঘোষিত সারের নতুন মুল্য তালিকা লালসালু কাপড়ে লিখে টাঙ্গিয়ে রাখতে হবে।<br>৫। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা নিয়মিতভাবে করতে হবে। সভার কার্যবিবরনী জেলা কমিটির সদস্য সচিব, উপ পরিচালকের বরাবরে প্রারম্ভেই প্রেরন করতে হবে এবং কার্যবিবরনীতে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্তের প্রতিফলন থাকতে হবে। জেলা কমিটিতে কোন প্রস্তাব উপস্থাপনের পূর্বেই কার্যপত্র জেলায় উপস্থাপন করতে হবে। | জেলা প্রশাসক/ উপ পরিচালক/ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি / সভাপতি ও সাধারন সম্পাদক, বিএফএ। |

অপর পৃষ্ঠ

৪

<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>৩</td><td>বীজ সংক্রান্ত ঃ<br>বিএডিসি (বীবি), প্রতিনিধি জনাব খায়রুল বাশার, সিনিয়র সহকারি পরিচালক (বীবি), চাঁদপুর সভা কে জানান যে, চলতি খরিপ-১ ও খরিপ-২ মৌসুমে নিম্মোক্ত বীজের বরাদ্দ পাওয়া যায়।
<table>
<tr><th>বীজের নাম</th><th>বরাদ্দ (কেজি)</th><th>প্রাপ্তি (কেজি)</th><th>বিক্রয় (কেজি)</th><th>স্থিতি (কেজি)</th></tr>
<tr><td>২০২১-২২ বিতরন বর্ষের গ্রীষ্মকালীন ও শীতকালীন হাইব্রিড সবজি বীজ</td><td>৫৮.৫০০</td><td>৫৮.৫০০</td><td>৩১.৭৭০</td><td>২৬.৭৩০</td></tr>
<tr><td>২০২২-২৩ বিতরণ বর্ষের শীতকালীন সবজি বীজ (হাইব্রিড)</td><td>৩০.০০০</td><td>৩০.০০০</td><td>৭.০০</td><td>২৩.০০</td></tr>
<tr><td>দেশী পাটবীজ</td><td>১৮৫০০</td><td>৩৫০৩৯</td><td>৩০১২৬</td><td>৪৯১৩</td></tr>
<tr><td>তোষা পাটবীজ</td><td>২৭৩</td><td>২৭৩</td><td>৫০</td><td>২২৩</td></tr>
<tr><td>পাটবীজ প্রণোদনা</td><td>৫৪৩৪</td><td>৫৪৩৪</td><td>৫৪৩৪</td><td>----</td></tr>
<tr><td>আউশ ধান বীজ</td><td>১৪৪৬৭০</td><td>১৪৪৬৭০</td><td>১৪৪৬৭০</td><td>----</td></tr>
<tr><td>রোপা আমন ধান বীজ (সাধারণ)</td><td>৩৬৭৫৫৫</td><td>২৮৬৯৬৫</td><td>২৭৩৮৫০</td><td>১৩১১৫</td></tr>
<tr><td>রোপা আমন প্রণোদনা</td><td>৩০০০০</td><td>৩০০০০</td><td>৩০০০০</td><td>----</td></tr>
<tr><td>রোপা আমন রাজস্ব</td><td>৪৫০</td><td>৪৫০</td><td>৪৫০</td><td>----</td></tr>
<tr><td>রোপা আমন (এসএমই)</td><td>৩২০০</td><td>৩২০০</td><td>৩২০০</td><td>----</td></tr>
<tr><td>সীম বীজ</td><td>৪৬</td><td>৪৬</td><td>২০</td><td>২৬</td></tr>
</table></td><td>১। উপজেলা ভিত্তিক বীজ ডিলারওয়ারী বীজের বরাদ্দপত্র উপজেলা কৃষি অফিসার সহ সংশ্লিস্ট সকলকে প্রদান করতে হবে।<br>২। বীজ ডিলারগণ বীজ উত্তোলনের পর উপজেলা কৃষি অফিসারদের নিকট আগমনী বার্তা দাখিল করবেন এবং উপজেলা কৃষি অফিসার / সার পরিদর্শকগণ দ্রুততম সময়ের মধ্যে মজুদ যাচাই করে বীজ বিক্রয়ের অনুমতি প্রদান করবেন।<br>৩। কোন বীজ ডিলার যদি কোনরূপ অনিয়ম অথবা বেশি দামে বীজ বিক্রয় করে অথবা নিম্ন মানের বীজ সরবরাহ করে তা হলে উপজেলা নির্বাহী অফিসার কে সাথে নিয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৪। বীজ ডিলারগণ বীজ উত্তোলনের পর উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা কৃষি অফিসার কে অবহিত না করে বীজ বিক্রয় করলে উপ পরিচাল(বীবি), বিএডিসি, কুমিল্লা কে পত্রের মাধ্যমে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>বিএডিসি</td></tr>
<tr><td>৪<br>৪.১</td><td>বিবিধঃ<br>সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চাঁদপুর সভাকে জানান যে, উপজেলা কৃষি অফিসারগণ প্রতিমাসে সারের দোকানে মনিটরিং জোরদার করতে হবে। কতটি সার ডিলারের দোকান পরিদর্শন করেন ও কি কি ব্যবস্থা গ্রহন করেছেন তার তথ্য কার্যপত্রে উল্লেখ করতে হবে। ডিলারগণ সার বেশি মুল্যে যেন বিক্রয় না করতে পারে সে দিকে নজর দিতে হবে।<br>সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।</td><td>১। মনিটরিং কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিক্রয় রশিদ এর মাধ্যমে সার বিক্রয়ের সিদ্ধান্ত অব্যাহত থাকবে।<br>৩। পূর্বের ন্যায় উপসহকারি কৃষি কর্মকর্তাগণ সকাল ও বিকাল দিনে ২ বার সারের দোকান পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। সার মজুদ ও বিক্রয় রেজিস্টার যথাযথভাবে রক্ষনাবেক্ষণ করতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার / উপসহকারি কৃষি কর্মকর্তা।</td></tr>
</table>

অপর পৃষ্ঠা

৪

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.২ | **আউশ মৌসুমে সেচনালা ও সেচ যন্ত্র চালু রাখা প্রসঙ্গেঃ** উপজেলা কৃষি অফিসার, মতলব উত্তর সভাকে জানান যে, জলবায়ু পরিবর্তনের কারণে যথাসময়ে বৃষ্টিপাত হচ্ছে না, তাই আউশ আবাদ বৃদ্ধির পরিকল্পনা থাকলেও সেচ সুবিধা না থাকায় আউশ আবাদ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় নাই। উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর ও সভাকে অবহিত করেন যে, আগামী মৌসুমে আউশ আবাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সেচের বিকল্প নাই। মেঘনা-ধনাগোধা ও চাঁদপুর সেচ প্রকল্পের আউশ মৌসুমে বোরো মৌসুমের মত সেচ কার্যক্রম অব্যাহত রাখার জন্য ও সেচ নালায় পানির প্রবাহ ব্যাহত না হয় সে ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আগামী আউশ মৌসুমে যাতে কৃষকগণ নিরবিচ্ছিন্ন সেচ প্রদান করেতে পারে সেজন্য মেঘনা ধনাগোদা ও চাঁদপুর সেচ প্রকল্পের সেচ যন্ত্রপাতি চালু রাখার জন্য নির্বাহী প্রকৌশলী কে অনুরোধ জানানো এবং ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক/ উপ পরিচালক/ উপজেলা সেচ কমিটি / নির্বাহী প্রকৌশলী, মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্প, চাঁদপুর। |
| ৪.৩ | **সঠিক সময়ে সারের টাকা জমা ও সার উত্তোলন প্রসঙ্গেঃ** অতিরিক্ত উপপরিচালক( শস্য), ডিএই চাঁদপুর সদস্য সচিবের পক্ষে বিসিআইসি ১৩জুলাই ২৩ খ্রিঃ তারিখের ৪৯৫ নং পত্রের এবং জেলা প্রশাসক, চাঁদপুর এর ২০ জুলাই ২৩ খ্রিঃ তারিখের ৫৬১ নং পত্রের বরাতক্রমে সভাকে অবহিত করেন যে, পত্রের মর্মানুযায়ী যথাসময়ে সারের টাকা জমা ও সার উত্তোলন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতি মাসের ২০ তারিখের মধ্যে সারের টাকা জমা ও প্রতিমাসের বরাদ্দকৃত সার প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উত্তোলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক/ উপ পরিচালক/ উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা কৃষি অফিসার/ বিএফএ, চাঁদপুর। |
| ৪.৪ | **উপজেলা পরিষদের মাধ্যমে কৃষি উন্নয়ন কাজের প্রকল্প গ্রহন প্রসঙ্গেঃ** সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যগণের দৃষ্টি আকর্ষন করেন যে, যেহেতু মেঘনা ধনাগোদা ও চাঁদপুর সেচ প্রকল্পের নালা ও খাল ভরাট হয়ে যাওয়ায় কৃষিকাজে সেচ কার্যক্রম ব্যাহত হচ্ছে। সেজন্য উপজেলা পরিষদের ADP অর্থায়ন থেকে কৃষি উন্নয়নের জন্য জনকল্যানমুলক প্রকল্প গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার উপজেলা পরিষদের চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে ADP অর্থায়ন থেকে কৃষি উন্নয়নের জন্য জনকল্যানমুলক প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করা হয়।

২৩/০৯/২৩

(কামরুল হাসান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি,
চাঁদপুর।

৪

স্মারক নং ১২.১৭.১৩০০.০৪১.৪০. ০০৮. ২১ - ৯০২৬ (৪৫)

তারিখঃ ২৭/০৭/২৬

**অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ঢাকা।
২। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৩। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৫। পুলিশ সুপার, চাঁদপুর।
৬। কৃষি অর্থনিতিবিদ, কৃষি মন্ত্রণালয়, এমএসআইএস (মনিটরিং), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক (মনিটরিং), বিসিআইসি, ঢাকা।
৮। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, চাঁদপুর।
৯। জেলা মৎস্য কর্মকর্তা, চাঁদপুর।
১০।জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, চাঁদপুর।
১১। উপজেলা চেয়ারম্যান ............................................................................(সকল), চাঁদপুর।
১২। উপজেলা নির্বাহি অফিসার, ................................................................... (সকল), চাঁদপুর।
১৩। উপজেলা কৃষি অফিসার........................................................................ (সকল), চাঁদপুর।
১৪। যুগ্ম পরিচালক, (সার), বিএডিসি, কুমিল্লা।
১৫। উপ পরিচালক (বীজ), বিএডিসি, কুমিল্লা।
১৬। উপ পরিচালক, বিআরডিবি, চাঁদপুর।
১৭। জেলা মার্কেটিং কর্মকর্তা, চাঁদপুর।
১৮। জেলা সমবায় অফিসার, চাঁদপুর।
১৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর।
২০। জনাব আবু নঈম পাটোওয়ারী দুলাল, তালতলা, চাঁদপুর।
২১। সভাপতি, প্রেসক্লাব, চাঁদপুর।
২২। জনাব এম এ মাসুদ ভুইয়া, পরিচালক, বিএফএ, কেন্দ্রিয় কমিটি, (রহমান কর্পোরেশন, ৫ নং রেলওয়ে ঘাট), চাঁদপুর।
২৩। জনাব জাহাঙ্গীর আখন্দ সেলিম, সভাপতি চেম্বার অব কমার্স (৫ নং রেলওয়ে ঘাট), চাঁদপুর।
২৪। জনাব সুভাষ চন্দ্র রায়, সভাপতি বিএফএ, (৫ নং রেলওয়ে ঘাট), চাঁদপুর।
২৫। জনাব শরীফ মোঃ আশ্রাফুল হক, সাধারন সম্পাদক, বিএফএ, (৫ নং রেলওয়ে ঘাট), চাঁদপুর।
২৬। জনাব জয়নাল আবেদীন প্রধান, শোভনকর্দী, মতলব দক্ষিণ, চাঁদপুর।
২৭। জনাব আঃ সাত্তার খান (বীজ ডিলার প্রতিনিধি), বাবুরহাট, চাঁদপুর।
২৮। জেলা পাট উন্নয়ন কর্মকর্তা, চাঁদপুর।
২৯। জনাব মোঃ মিজানুর রহমান, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, চাঁদপুর জেলা শাখা।
৩০। জনাব মোঃ কামরুজ্জামান বাবুল, সাধারন সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, চাঁদপুর জেলা শাখা।

২৭/০৭/২৬

( ড. সাফায়েত আহম্মদ সিদ্দিকী)
উপ পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
চাঁদপুর।